দৈনিক বাংলা

165

তারিখ ... 21.9.82 ...
পৃষ্ঠা ... কলাম ...

105

# সরকারী অফিসে সোম ও মঙ্গলবার বৈঠক করা যাবে না

(স্টাফ রিপোর্টার)

এখন থেকে সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থাসমূহে সোমবার ও মঙ্গলবার কোন সভা বা বৈঠক আহবান করা যাবে না।

গত ১৪ই আগস্ট মন্ত্রিপরিষদের বৈঠকে এই সিদ্ধান্ত নেয়া হয়। কাজের গতি ত্বরান্বিত করার জন্যে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে জানা গেছে।

এছাড়া বৈঠকসমূহের সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কিত পাক্ষিক রিপোর্ট এবং পরবর্তীতে সংশ্লিষ্ট সিদ্ধান্তের পূর্ণ বাস্তবায়ন না হওয়া পর্যন্ত মাসিক রিপোর্ট প্রধান সামরিক আইন প্রশাসকের সচিবালয়ে প্রেরণেরও নির্দেশ দেয়া হয়েছে।